

সিআরপিডি এর আলোকে ছায়া প্রতিবেদন প্রেরণ বিষয়ক পরামর্শ সভা

১৮ জানুয়ারী ২০১৮। দুপুর ১.৩০- বিকাল ৪.০০। ইমপ্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ, ঢাকা



জাতীয় তৃণমূল প্রতিবন্ধী সংস্থা (এনজিডিও), প্রতিবন্ধী নারীদের জাতীয় পরিষদ (এনসিডিডব্লিউ) ও বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ন্যাশনাল কোয়ালিশন গঠনের মাধ্যমে ২০১৩ সাল থেকে বাংলাদেশে সিআরপিডির ছায়া প্রতিবেদন প্রণয়নের কাজ করছে। এই প্রকল্পের উদ্যোগে এরই মধ্যে আটটি জেলা থেকে সিআরপিডি'র আটটি অনুচ্ছেদে বর্ণিত অধিকার বাস্তবায়ন পরিস্থিতি সম্পর্কিত তথ্য সংগ্রহ করে প্রতিবন্ধী ব্যক্তি ও প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন (ডিপিও) সমূহের সহায়তায় ছায়া প্রতিবেদনের খসড়া তৈরী করা হয়েছে। উল্লেখ্য যে, বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ১৮ এপ্রিল ২০১৭ তারিখে সিআরপিডি'র ৩৫ নং অনুচ্ছেদ মোতাবেক বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার পরিস্থিতি ও সিআরপিডি'র বিধানাবলীর বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন জাতিসংঘে প্রেরণ করা হয়েছে। ২০১৯ সালে অনুষ্ঠিতব্য সিআরপিডি কমিটির যেকোন একটি অধিবেশনে বাংলাদেশের প্রতিবেদনটি মূল্যায়নের সভাবনা রয়েছে। সিআরপিডি'র কার্যধারা ও প্রতিবেদন সম্পর্কিত নির্দেশিকা মোতাবেক বাংলাদেশের প্রতিবেদন নিয়ে আলোচনা সংক্রান্ত অধিবেশনের পূর্বেই [আগ্রহি] সিভিল সোসাইটি বা বেসরকারি সংস্থা সমূহের পক্ষ থেকে ছায়া প্রতিবেদন প্রেরণের আবশ্যিকতা রয়েছে। এরই প্রেক্ষিতে খসড়া ছায়াপ্রতিবেদনটি চূড়ান্তকরণ সাপেক্ষে জাতিসংঘের প্রতিবন্ধিতা বিষয়ক কমিটিতে প্রেরণ করা প্রয়োজন।

এরই ধারাবাহিকতায় একটি পরামর্শ সভা গত ১৮ ডিসেম্বর ২০১৭, সোমবার, বিকাল ৩.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত ইমপ্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ এর ঢাকার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন ও সমমনা সংগঠনের প্রতিনিধিসহ মোট ২৬ জন অংশগ্রহণ করেন এবং জাতিসংঘে ছায়া প্রতিবেদন প্রেরণ বিষয়ে তাদের নিজ নিজ পরামর্শ ও সুপারিশ প্রদান করেন। সভায় স্বাগত বক্তব্য ও প্রেক্ষাপট বিশ্লেষণ করেন ব্যারিস্টার সারা হোসেন (অনারারি নির্বাহী পরিচালক, ব্লাস্ট)। সভার ধারণাপত্র উপস্থাপন করেন, এ্যাড. রেজাউল করিম সিদ্দিকী (রিসার্চ স্পেশালিস্ট, ব্লাস্ট)। তিনি তার উপস্থাপনায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে জাতিসংঘে প্রেরিত সিআরপিডি'র প্রারম্ভিক প্রতিবেদন (Initial Report) এর সার-সংক্ষেপ ও বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার বাস্তবায়নের



লক্ষ্যে “প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩” প্রণয়ন সহ সরকার কর্তৃক গৃহিত বিভিন্ন ইতিবাচক কার্যক্রম তুলে ধরেন।

সভায় উপস্থিত সবার মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত নেয়া হয় যে,

- একটি পূর্ণাঙ্গ, অংশগ্রহণমূলক ও সর্বমহলে গ্রহণযোগ্য ছায়া প্রতিবেদন তৈরীর লক্ষ্যে বৃহৎ প্ল্যাটফর্ম তৈরী করা হবে-যার নেতৃত্বে থাকবে ডিপিও সমূহ।
- এই প্ল্যাটফর্মের তত্ত্বাবধানে যোগ্য প্রতিবন্ধী ব্যক্তিদের সমন্বয়ে গঠিত একটি টিম খসড়া প্রণয়নের কাজ সম্পন্ন করবে। এ লক্ষ্যে প্রতিবেদন তৈরির জন্য যোগ্য প্রতিবন্ধী ব্যক্তিদেও সমন্বয়ে ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি খসড়া প্রণয়ন কমিটি গঠন করা হয়।
- কয়েকটি থিমেরিক গ্রুপ গঠন করে সিআরপিডির ৩ থেকে ৩৪ অনুচ্ছেদের উপর ছায়া প্রতিবেদন তৈরী করা হবে। এই থিমেরিক গ্রুপ সমূহের কাজের সমন্বয় করবে খসড়া প্রণয়ন কমিটি।
- গণমাধ্যম সমূহকেও এই ছায়া প্রতিবেদন তৈরীর প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত করতে হবে।
- প্ল্যাটফর্মের নেতৃত্ব দিবে জাতীয় তৃণমূল প্রতিবন্ধী সংস্থা (এনজিডিও) এবং প্রতিবেদন তৈরিতে সমন্বয় করবে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।
- সভায় আরো সিদ্ধান্ত নেয়া হয় যে, প্রতিবেদন তৈরীর প্রক্রিয়ায় সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ, নারীর সমঅংশগ্রহণ এবং সকল প্রতিবন্ধিতার বিষয়ে সমান গুরুত্বারোপ নিশ্চিত করা হবে এবং ওয়ার্কিং টিমে যোগ্য প্রতিবন্ধী ব্যক্তিদের প্রাধান্য থাকবে।

সভায় শিরীন আক্তার (চেয়ারপারসন, উইমেন উইথ ডিজঅ্যাবিলিটিস ডেভেলপমেন্ট ফাউন্ডেশন-ডব্লিউডিডিএফ), ডাঃ নাফীস আহমেদ (ট্রেজারার, সেন্টার ফর সার্ভিস এন্ড ইনফরমেশন অন ডিজঅ্যাবিলিটি-সিএসআইডি), নাজমা আরা পপি (জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ ভিসিয়ারি ইমপের্যাড পিপল্‌স সোসাইটি-ভিপিএস), জীবন উইলিয়াম গোমেজ (নির্বাহী পরিচালক, ট্রািনিং পয়েন্ট ফাউন্ডেশন এবং প্রতিবন্ধিতা বিষয়ক পরামর্শক, ওয়ার্ল্ড ব্যাংক), ভাস্কর ভট্টাচার্য (আইসিটি পরামর্শক, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং ইয়াং পাওয়ার ইন সোসাল এ্যাকশন-ইপশা), বদরুল হক (পরিচালক, সীড ট্রাস্ট), আলবার্ট মোল্লা (নির্বাহী পরিচালক, একসেস বাংলাদেশ ফাউন্ডেশন ও পরামর্শক, আইএলও), মোস্তাক আহমেদ (প্রজেক্ট কোর্ডিনেটর, এ্যাকশন ফর ডিজঅ্যাবিলিটি এন্ড ডেভেলপমেন্ট-এডিডি ইন্টারন্যাশনাল), মাহমুদুল হাসান (সুইড বাংলাদেশ), এ এইচ এম নোমান খান (নির্বাহী পরিচালক, সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি এন্ড ডেভেলপমেন্ট-সিডিডি) সহ প্রমুখ উপস্থিত ছিলেন।

আগামী ১ মার্চ ২০১৮ তারিখে প্ল্যাটফর্মের দ্বিতীয় সভা অনুষ্ঠিত হবে।